গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
মতামত অনুবিভাগ।
www.lawjusticediv.gov.bd

শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সংগে মতবিনিময় সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ০৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ |
| সময় | : | ১১.০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ |
| সভাপতি | : | মোঃ গোলাম সারওয়ার<br>সচিব (আইন ও বিচার বিভাগ) |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-ক সংযুক্ত। |

বিগত ০৯/০৯/২০২০ খ্রিঃ তারিখে আইন ও বিচার বিভাগের মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৭২৭) এ বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় আইন ও বিচার বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ, আইনগত সহায়তা প্রদান সংস্থা, নিবন্ধন অধিদপ্তর এবং এ বিভাগের সঙ্গে উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করছে এমটি দু'টি সংস্থা যথাক্রমে জিআইজেড (GIZ), বাংলাদেশ এবং এনসিএসসি (NCSC), মানুষের জন্য ফাউন্ডেশন, বন্ধু স্যোশাল ওয়েলফেয়ার ফাউন্ডেশন, আমরাই পারি নামীয় এনজিও এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সভায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নলিখিত বিষয়সমূহের উপর আলোচনা হয়ঃ

১। জেলা জজ আদালত সমূহে বিচারপ্রার্থী জনগনের জন্য সহজে তথ্য প্রাপ্তির বিষয়ে ইনফরমেশন ডেস্ক স্থাপন;

২। বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরীর জন্য কোম্পানী-টু-কোম্পানী ভূমি হস্তান্তরের বিষয় সহজীকরণ;

৩। লিগ্যাল এইড প্রার্থীর নিকট দ্রুততম সময়ে নোটিশ/তথ্যাদির সরবরাহের ব্যবস্থা নিশ্চিতকরণ।

**আলোচনাঃ**

১। সভায় উম্মে কুলসুম, যুগ্ম সচিব (মতামত) উল্লেখ করেন যে, ইতোমধ্যে মাননীয় সচিব মহোদয়ের অনুরোধে, জিআইজেড এর কারিগরী সহযোগিতায় ২০ (বিশ) টি জেলা জজ আদালতে হেল্প ডেস্ক স্থাপনের কাজ এগিয়ে যাচ্ছে। উক্ত হেল্প ডেস্ক আদালতের প্রবেশ মুখে স্থাপিত হবে। যাতে বিচারপ্রার্থী জনগন সহজে ম্যাজিস্ট্রেট কোর্ট, জেলা লিগ্যাল এইড অফিস এবং বিভিন্ন আদালতের অবস্থান জেনে নিতে পারে। তাছাড়া, স্বাস্থ্য বিধি অনুসরণ করে আদালতে গমনাগমনের বিষয়েও উক্ত ডেস্কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হবে।

বিচারপ্রার্থী জনগনের জন্য হেল্প-ডেস্ক সম্পর্কে তথ্য অবহিত করার জন্য সভাপতি উপস্থিত উন্নয়ন সহযোগীদের অনুরোধ জানান।

২। ইতোমধ্যে নিবন্ধন অধিদপ্তর হতে বিডা (Bangladesh Investment Development Authority ) এর রোডম্যাপ অনুযায়ী, বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরীর জন্য ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় কোম্পানী-টু-কোম্পানী ভূমি হস্তান্তর দলিল রেজিস্ট্রেশনের জন্য বালাম বই ও সূচী পৃথকীকরণের জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। নিবন্ধন অধিদপ্তর হতে আইআরও মোঃ জসিম উদ্দিন সভাকে অবগত করেন যে, বর্তমানে শিল্প উদ্যোক্তাদের সুবিধার্থে পৃথক বালাম বইয়ে দলিল লিপিবদ্ধ করে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে মূল দলিল ফেরত দেওয়া সম্ভব। কিন্তু গ্রহীতাগণ মূল দলিলের কপি নিতে না আসায় এসব দলিল ফেরত দেওয়ার জন্য অপেক্ষমান রয়েছে। সভাপতি এ বিষয়ে গ্রহীতাগণের মোবাইল নাম্বারে মেসেজ প্রেরণের মাধ্যমে মূল দলিল ফেরত প্রদান নিশ্চিত করতে পরামর্শ প্রদান করেন।

৩। জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা হতে আগত প্রতিনিধি বেগম মাসুদা ইয়াসমিন জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রূপকল্প - ২০২১ "ডিজিটাল বাংলাদেশ" গড়ার লক্ষ্যে আইন ও বিচার বিভাগের অধীনে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা "সরকারি আইনি সেবার মানোন্নয়নে সহায়তা প্রদান" প্রকল্পের অর্থায়নে ২০১৫-২০১৬ অর্থবছরে "সরকারি আইনগত সহায়তায় "জাতীয় হেল্পলাইন" কলসেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যমাত্রা নিয়ে সংস্থা সরকারি অর্থায়নে ২০১৭-২০১৮ অর্থবছরে সরকারি আইনি সেবার যাবতীয় তথ্য ও কার্যক্রম ডিজিটাল মাধ্যমে সম্পন্ন করার উদ্দেশ্যে 'লিগ্যাল এইড অফিস ম্যানেজমেন্ট সফটওয়্যার' নির্মান করেছে। এ সফটওয়্যার এর মাধ্যমে সংস্থার অধীনস্থ সকল লিগ্যাল এইড অফিসে সরকারি আইনি সেবা সংক্রান্ত যেসকল কাযর্ক্রমসমূহ বাস্তবায়িত হবে, সে সকল কার্যক্রমের যাবতীয় তথ্য, উপাত্ত, পরিসংখ্যান ও বিবরণ অনলাইন সিস্টেমে সংরক্ষিত হবে এবং সংস্থার কেন্দ্রীয় কার্যালয় অনলাইন সিস্টেমের মাধ্যমে সকল লিগ্যাল এইড অফিসের কার্যক্রম পর্যবেক্ষণ করা যাবে, যা গুণগত মানসম্পন্ন লিগ্যাল এইড ব্যবস্থাপনা মনিটরিং বা তদারক করতে সহায়ক হবে। এই সফটওয়্যারের অন্যতম একটি ফিচার হচ্ছে অটোমেটিক এসএমএস প্রেরণ, যা ই-রেসপন্স সিস্টেমের অন্যতম ধরণ। উল্লেখ্য যে, লিগ্যাল এইড অফিস হতে এসএমএস প্রেরণের মাধ্যমে বিচারপ্রার্থীগণকে তথ্য প্রদানের মত উত্তম চর্চার বিষয়টি দেশী এবং বিদেশী এনজিও সমূহের প্রতিনিধিগণের মাধ্যমে প্রচারণার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ**

১. বিচারপ্রার্থী জনগনের জন্য জিআইজেড- এর কারিগরী সহযোগিতায় ২০ টি জেলা জজ আদালতে হেল্প ডেস্ক স্থাপন।

২. ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় কোম্পানী-টু-কোম্পানী ভূমি হস্তান্তর দলিল এর মূল কপি ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে গ্রহীতা বরাবরে প্রদান।

৩. লিগ্যাল এইড অফিস হতে বিচারপ্রার্থী জনগনকে ই-রেসপন্স বা অটোমেটিক এসএমএস প্রেরণের বিষয়টি উন্নয়ন সহযোগীদের মাধ্যমে প্রচারনা করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

০৯/০৯/২০২০

মোঃ গোলাম সারওয়ার
সচিব
আইন ও বিচার বিভাগ